গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

শনিবার | ১ এপ্রিল ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ২০৪ সংখ্যা | ১৮ চৈত্র ১৪২৯ সাল | ৯ রমজান ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*নবনির্বাচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে প্রফেসর ড. আবু রেজা নদভী এমপির নেতৃত্বে আইআইইউসির প্রতিনিধি দল*

### আইআইইউসির ৬ষ্ঠ সমাবর্তনে আমন্ত্রণ

# নবনির্বাচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সাথে এমপি নদভীর সৌজন্য সাক্ষাৎ

নবনির্বাচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সাথে আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও সাংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল গত ৩০ মার্চ সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, বিওটি সদস্য ও ফাইনান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার।

সৌজন্য সাক্ষাৎকালে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রামের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি আইআইইউসির সার্বিক কার্যক্রম তুলে ধরে বলেন, আইআইইউসি বর্তমানে বাংলাদেশের প্রথম শ্রেণীর বেসরকারি বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমিক সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে। দৃষ্টিনন্দন সুপরিসর আধুনিক ক্যাম্পাসে মানসম্পন্ন শিক্ষা ও গবেষণার পর্যাপ্ত সুযোগ সুবিধা নিশ্চিত করা হয়েছে। বঙ্গবন্ধু এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুজিব কর্ণার ও বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ প্রতিষ্ঠা করা হয়েছে, বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে জাতিরজনক বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী। এছাড়া বিভিন্ন জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে। সৌজন্য সাক্ষাৎকালে আইআইইউসির ৬ষ্ঠ সমাবর্তনের জন্য নবনির্বাচিত রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানানো হয় এবং তিনি আগামী বছর সমাবর্তন আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, নবনির্বাচিত রাষ্ট্রপতি আইআইইউসির সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 01 April 2023, Page: 8, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-04-01